

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

বাজেট শাখা

www.fid.gov.bd

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটি'র
(বিএমসি) সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নাজমা মোবারেক, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

স্থান : সম্মেলন কক্ষ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর ২০২৫, মঙ্গলবার, সকাল ১০:৩০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জানান যে, অর্থ বিভাগের গত ০৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখের স্মারক নম্বর: ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০২৪-১২২ এর নির্দেশনা মোতাবেক এ বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) বিএমসি সভায় অনুমোদনপূর্বক iBAS++ সিস্টেমের Budget Implementation Plan মেনুতে এন্ট্রিপূর্বক অর্থ বিভাগে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন-২) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) সংক্রান্ত পরিপত্র উল্লিখিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সভাকে অবহিত করেন। অতঃপর উপসচিব (বাজেট) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের বাস্তবায়ন পরিকল্পনার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

❖ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুকূলে চলতি ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দকৃত মোট বাজেটের ব্যয় পরিকল্পনা নিম্নরূপ:

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
মোট পরিচালন	৮৯,৬৪,০০	২২,৬৬,৫২	২১,৪৪,৫৮	২২,৪৭,৮৬	২৩,০৫,০৪	৮৯,৬৪,০০
মোট উন্নয়ন	৩৪৩১,৩৬,০০	৩৮৬,৭১,৪৩	১৪৬০,৫৬,৭১	৯৫৯,৪২,৭৭	৬২৪,৬৫,০৯	৩৪৩১,৩৬,০০
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৩৫২১,০০,০০	৪০৯,৩৭,৯৫	১৪৮২,০১,২৯	৯৮১,৯০,৬৩	৬৪৭,৭০,১৩	৩৫২১,০০,০০

➤ সভাকে উপসচিব (বাজেট) জানান যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে সর্বমোট বরাদ্দের পরিমাণ ৩৫২১ কোটি টাকা। যা ১ম ত্রৈমাসিকে ৪০৯ কোটি ৩৭ লক্ষ ৯৫ হাজার, ২য় ত্রৈমাসিকে ১৪৮২ কোটি ১ লক্ষ ২৯ হাজার, ৩য় ত্রৈমাসিকে ৯৮১ কোটি ৯০ লক্ষ ৬৩ হাজার এবং ৪র্থ ত্রৈমাসিকে ৬৪৭ কোটি ৭০ লক্ষ ১৩ হাজার টাকা ব্যয়ের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

➤ ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত তথ্যাদি:

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন বাজেট সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও প্রকল্পসমূহের ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা পৃথক-পৃথকভাবে নিম্নোক্ত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়:

১.১ পরিচালন ব্যয়:

১.১.১. সচিবালয়:

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
কর্মচারীদের প্রতীদান	৮,৮১,৫০	১,৭৮,১২	২,২০,১৩	২,৬১,০৬	২,২২,১৯	৮,৮১,৫০
পণ্য ও সেবার ব্যবহার	৫,৩১,৫০	৯৪,২৫	১,১০,৪০	২,০৮,১৬	১,১৮,৭০	৫,৩১,৫০

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
অ-আর্থিক সম্পদ	২,৩১,৮০	১,৭৩,২৫	৪২,৫৫	৭,৭৫	৮,২৫	২,৩১,৮০
সাধারণ খোক বরাদ্দ	৫,৬০	০	৫,৬০	০	০	৫,৬০
মোট সচিবালয়	১৬,৫০,৪০	৪,৪৫,৬২	৩,৭৮,৬৮	৪,৭৬,৯৬	৩,৪৯,১৪	১৬,৫০,৪০

- উপসচিব (বাজেট) জানান যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবালয় অংশে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে বরাদ্দের পরিমাণ ১৬ কোটি ৫০ লক্ষ ৪০ হাজার টাকা। ১ম ত্রৈমাসিকে ৪ কোটি ৪৫ লক্ষ ৬২ হাজার, ২য় ত্রৈমাসিকে ৩ কোটি ৭৮ লক্ষ ৬৮ হাজার, ৩য় ত্রৈমাসিকে ৪ কোটি ৭৬ লক্ষ ৯৬ হাজার এবং ৪র্থ ত্রৈমাসিকে ৩ কোটি ৪৯ লক্ষ ১৪ হাজার টাকা ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সভাপতি চলতি অর্থবছরে বাজেট শতভাগ বাস্তবায়নে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

১.১.২. স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান:

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট	১১,৫৯,৬০	২,৮৯,৯০	২,৮৯,৯০	২,৮৯,৯০	২,৮৯,৯০	১১,৫৯,৬০
বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি	২,২৪,০০	৫৬,০০	৫৬,০০	৫৬,০০	৫৬,০০	২,২৪,০০
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন	৫৬,৩০,০০	১৪,০০,০০	১৩,৪৫,০০	১৩,৫০,০০	১৫,৩৫,০০	৫৬,৩০,০০
বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড	৩,০০,০০	৭৫,০০	৭৫,০০	৭৫,০০	৭৫,০০	৩,০০,০০
মোট স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান	৭৩,১৩,৬০	১৮,২০,৯০	১৭,৬৫,৯০	১৭,৭০,৯০	১৯,৫৫,৯০	৭৩,১৩,৬০

উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সহায়তা কার্যক্রম অংশে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ ৭৩ কোটি ১৩ লক্ষ ৬০ হাজার টাকা যার মধ্যে ১ম ত্রৈমাসিকে ১৮ কোটি ২০ লক্ষ ৯০ হাজার টাকা, ২য় ত্রৈমাসিকে ১৭ কোটি ৬৫ লক্ষ ৯০ হাজার টাকা, ৩য় ত্রৈমাসিকে ১৭ কোটি ৭০ লক্ষ ৯০ হাজার টাকা এবং ৪র্থ ত্রৈমাসিকে ১৯ কোটি ৫৫ লক্ষ ৯০ হাজার টাকা বাস্তবায়ন পরিকল্পনা করা হয়েছে।

- ❖ বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর অনুকূলে ১১কোটি ৫৯ লক্ষ ৬০ হাজার টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ সমান ৪ভাগে প্রতি ত্রৈমাসিকে ২ কোটি ৮৯ লক্ষ ৯০ হাজার টাকা বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- ❖ বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি (বিআইএ) এর অনুকূলে ২ কোটি ২৪ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ সমান ৪ভাগে প্রতি ত্রৈমাসিকে ৫৬ লক্ষ টাকা বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- ❖ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর জন্য ৫৬ কোটি ৩০ লক্ষ টাকা ২০২৫-২৬ অর্থবছরে বিশেষ সহায়তা বাবদ বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ গতে ১ম ত্রৈমাসিকে ১৪ কোটি, ২য় ত্রৈমাসিকে ১৩ কোটি ৪৫ লক্ষ, ৩য় ত্রৈমাসিকে ১৩ কোটি ৫০ লক্ষ এবং ৪র্থ ত্রৈমাসিকে ১৩ কোটি ৩৫ লক্ষ টাকা বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সভাকে এসডিএফ প্রতিনিধি জানিয়েছেন যে তাদের চলমান RELI প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ভাতাদি এ বিভাগের পরিচালন বাজেট হতে প্রদান করা হয়ে থাকে এবং চলতি ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পটির মেয়াদ শেষ হবে। এ প্রেক্ষিতে প্রকল্প সমাপনান্তে কর্মকর্তা-কর্মচারীগণের ছুটি নগদায়ন করার জন্য বরাদ্দকৃত ৫৬ কোটি ৩০ লক্ষ টাকার অতিরিক্ত আরো প্রায় ১৪ কোটি টাকা বরাদ্দের প্রয়োজন হবে। উক্ত বরাদ্দ পাওয়া গেলে বিভাজন পরিকল্পনা পরিবর্তন হবে মর্মে সভাকে অবহিত করেন।
- ❖ বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর ৩ কোটি টাকা সহায়তা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ সমান ৪ভাগে প্রতি ত্রৈমাসিকে ৭৫ লক্ষ টাকা বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

একনজরে পরিচালন ব্যয় এর পরিকল্পনা:

(অংকসমূহ হাজার টাকায়)						
বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
সচিবালয় অংশ	১৬,৫০,৪০	৪,৪৬,৬২	৩,৭৭,৬৮	৪,৭৬,৯৬	৩,৪৯,১৪	১৬,৫০,৪০
সহায়তা অংশ	৭৩,১৩,৬০	১৮,২০,৯০	১৭,৬৫,৯০	১৭,৭০,৯০	১৯,৫৫,৯০	৭৩,১৩,৬০
মোট পরিচালন=	৮৯,৬৪,০০	২২,৬৭,৫২	২১,৪৩,৫৮	২২,৪৭,৮৬	২৩,০৫,০৪	৮৯,৬৪,০০

সার্বিকভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে পরিচালন অংশে বরাদ্দের পরিমাণ ৮৯ কোটি ৬৪ লক্ষ টাকা। যা ১ম ত্রৈমাসিকে ২২ কোটি ৬৭ লক্ষ ৫২ হাজার, ২য় ত্রৈমাসিকে ২১ কোটি ৪৩ লক্ষ ৫৮ হাজার, ৩য় ত্রৈমাসিকে ২২ কোটি ৪৭ লক্ষ ৮৬ হাজার এবং ৪র্থ ত্রৈমাসিকে ২৩ কোটি ০৫ লক্ষ ৪ হাজার টাকা ব্যয়ের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

১.২. উন্নয়ন ব্যয়:

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের জন্য ২০২৫-২৬ অর্থবছরে বরাদ্দকৃত উন্নয়ন বাজেটের বাস্তবায়ন পরিকল্পনা নিম্নরূপ:

১.২.১ উন্নয়ন প্রকল্প (বার্ষিক উন্নয়ন কর্মসূচি-ADP):

(অংকসমূহ হাজার টাকায়)						
বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ						
“যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১” দুর্যোগ ঝুঁকি অর্থায়ন (কম্পোনেন্ট-৩)	৩১,৯৭,০০	৩০,৩০	৭,৪৩,৮৪	১১,৮০,৯১	১২,৪১,৯৫	৩১,৯৭,০০
বাংলাদেশ বীমা খাত উন্নয়ন প্রকল্প (BISDP)	৩০,৩৭,০০	২,৯৬,১৩.৩	১৬৭,৪০,৮৬.৭	০	০	১৭০,৩৭,০০
বাংলাদেশ ব্যাংক						
প্রজেক্ট পিপারেশন এডভান্স ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-II (FSSP-II)	০	০	০	০	০	০
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ						
অননুমোদিত ADP প্রকল্পের জন্য থোক বরাদ্দ	১৯৫,০২,০০	০	৫৫,০২,০০	০	০	৫৫,০২,০০
মোট ADP প্রকল্প=	২৫৭,৩৬,০০	৩,২৬,৪৩	২২৯,৮৬,৭১	১১,৮০,৯১	১২,৪১,৯৫	২৫৭,৩৬,০০

উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভূক্ত প্রকল্পসমূহের বিপরীতে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ ২৫৭ কোটি ৩৬ লক্ষ টাকা যার মধ্যে ১ম ত্রৈমাসিকে ৩ কোটি ২৬ লক্ষ ৪৩ হাজার টাকা, ২য় ত্রৈমাসিকে ২২৯ কোটি ৮৬ লক্ষ ৭১ হাজার টাকা, ৩য় ত্রৈমাসিকে ১১ কোটি ৮০ লক্ষ ৯১ হাজার টাকা এবং ৪র্থ ত্রৈমাসিকে ১২ কোটি ৪১ লক্ষ ৯৫ হাজার টাকা বাস্তবায়ন পরিকল্পনা করা হয়েছে।

- ❖ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন “যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১” দুর্যোগ ঝুঁকি অর্থায়ন (কম্পোনেন্ট-৩) প্রকল্পের অনুকূলে ৩১ কোটি ৯৭ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ প্রকল্প বাস্তবায়নের সম্ভাবনা বিবেচনায় ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ বীমা খাত উন্নয়ন প্রকল্প (BISDP) প্রকল্পের অনুকূলে ৩০ কোটি ৩৭ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রকল্পটির উপ-প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ আগামী ডিসেম্বর, ২০২৫ মাসে শেষ হবে এবং প্রকল্পটির বাস্তবায়ন বিবেচনায় অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব পরিকল্পনা কমিশনে রয়েছে। প্রস্তাবিত অর্থ অনুমোদিত হলে ২য় ত্রৈমাসিকে বরাদ্দের পরিমাণ পরিবর্তন হবে।
- ❖ বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রস্তাবিত প্রজেক্ট পিপারেশন এডভান্স ফিন্যান্সিয়াল সেক্টর সাপোর্ট প্রজেক্ট-II (FSSP-II) প্রকল্পটি SLA স্বাক্ষরের জন্য অর্থ বিভাগে অপেক্ষমান রয়েছে। প্রকল্পটির অনুকূলে ইতোমধ্যে কোড পাওয়া গিয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। প্রকল্পটির বাস্তবায়নের সম্ভাবনা বিবেচনায় ২য় ত্রৈমাসিক হতে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত অর্থের পরিমাণ ৪৯ কোটি ৮০ লক্ষ ৩০ হাজার ৫ শত টাকা। এ বিষয়ে এ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, উক্ত প্রস্তাবিত অর্থ এ বিভাগের অননুমোদিত ADP প্রকল্পের জন্য থোক বরাদ্দ হতে সমন্বয় করা হবে।


১.২.১ উন্নয়ন প্রকল্প (বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত-Non-ADP):

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)						
রিসাইলেন্স এন্ট্রিপ্রিনিউয়ারশিপ লাইভলিহুড ইমপ্লিমেন্ট প্রজেক্ট	৪৮৭,৭৩,১৪	১৩৫,০০,০০	১২৮,০০,০০	১২০,০০,০০	১০৪,৭৩,১৪	৪৮৭,৭৩,১৪
বাংলাদেশ ব্যাংক						
আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট	৩০,০০,০০	০	১০,০০,০০	১০,০০,০০	১০,০০,০০	৩০,০০,০০
পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন						
রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (RMTP)-ইফাদ লোন	৪০,০০,০০	০	৪০,০০,০০	০	০	৪০,০০,০০
রিকভারি এন্ড এডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর ইমপ্লিমেন্ট (RAISE)	২৫৩,০০,০০	৩৭,০০,০০	১২৫,০০,০০	৬০,০০,০০	৩১,০০,০০	২৫৩,০০,০০
বাংলাদেশ রুরাল ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন ফর হিউম্যান ক্যাপিটাল ডেভেলপমেন্ট প্রজেক্ট (BD RWASH)	৪৫০,০০,০০	১১,৪৫,০০	৮৭,৭০,০০	১৪৪,৩৫,০০	২০৬,৫০,০০	৪৫০,০০,০০
মাইক্রোএন্টারপ্রাইজ ফাইন্যান্সিং এন্ড ক্রেডিট এ্যানহেন্সমেন্ট প্রজেক্ট (MFCE)	৫৬০,০০,০০	০	২০০,০০,০০	২০০,০০,০০	১৬০,০০,০০	৫৬০,০০,০০
সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইস এন্ড রিসাইলেন্ট ট্রান্সফরমেশন (SMART)	৫৫৩,২৬,৮৬	৮০,০০,০০	৩০০,০০,০০	১৭৩,২৬,৮৬	০	৫৫৩,২৬,৮৬
মোট পিকেএসএফ=	১৮৫৬,২৬,৮৬	১২৮,৪৫,০০	৭৫২,৭০,০০	৫৭৭,৬১,৮৬	৩৯৭,৫০,০০	১৮৫৬,২৬,৮৬
বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন						
রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট-২য় পর্যায়	৮০০,০০,০০	১,২০,০০,০০	৩৪০,০০,০০	২৪০,০০,০০	১০০,০০,০০	৮০০,০০,০০
মোট Non-ADP প্রকল্প	৩১৭৪,০০,০০	৩৮৩,৪৫,০০	১২৩০,৭০,০০	৯৪৭,৬১,৮৬	৬১২,২৩,১৪	৩১৭৪,০০,০০

উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্পসমূহের বিপরীতে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ ৩১৭৪ কোটি টাকা যার মধ্যে ১ম ত্রৈমাসিকে ৩৮৩ কোটি ৪৫ লক্ষ টাকা, ২য় ত্রৈমাসিকে ১২৩০ কোটি ৭০ লক্ষ টাকা, ৩য় ত্রৈমাসিকে ৯৪৭ কোটি ৬১ লক্ষ ৮৬ হাজার টাকা এবং ৪র্থ ত্রৈমাসিকে ৬১২ কোটি ২৩ লক্ষ ১৪ হাজার টাকা বাস্তবায়ন পরিকল্পনা করা হয়েছে।

- ❖ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন রিসাইলেন্স এন্ট্রিপ্রিনিউয়ারশিপ লাইভলিহুড ইমপ্লিমেন্ট প্রকল্পের অনুকূলে ৪৮৭ কোটি ৭৩ লক্ষ ১৪ হাজার টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ প্রকল্প বাস্তবায়নের সম্ভাবনা বিবেচনায় ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- ❖ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন আরবান বিল্ডিং সেফটি প্রকল্পের অনুকূলে ৩০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ প্রকল্প বাস্তবায়নের সম্ভাবনা বিবেচনায় ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- ❖ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কর্তৃক বাস্তবায়নাধীন রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (RMTP)-ইফাদ লোন, রিকভারি এন্ড এডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর ইমপ্লিমেন্ট (RAISE), বাংলাদেশ রুরাল ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন ফর হিউম্যান ক্যাপিটাল ডেভেলপমেন্ট প্রজেক্ট (BD RWASH), মাইক্রোএন্টারপ্রাইজ ফাইন্যান্সিং এন্ড ক্রেডিট এ্যানহেন্সমেন্ট প্রজেক্ট (MFCE), সাসটেইনেবল মাইক্রোএন্টারপ্রাইস এন্ড রিসাইলেন্ট ট্রান্সফরমেশন



(SMART) প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ প্রকল্প বাস্তবায়নের সম্ভাবনা বিবেচনায় ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

- ❖ বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট-২য় পর্যায় প্রকল্পের অনুকূলে ৮০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। উক্ত বরাদ্দকৃত অর্থ প্রকল্প বাস্তবায়নের সম্ভাবনা বিবেচনায় ত্রৈমাসিক বিভাজন করে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

একনজরে উন্নয়ন ব্যয় এর পরিকল্পনা:

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
মোট ADP প্রকল্প	২৫৭,৩৬,০০	৩,২৬,৪৩	২২৯,৮৬,৭১	১১,৮০,৯১	১২,৪১,৯৫	২৫৭,৩৬,০০
মোট Non-ADP প্রকল্প	৩১৭৪,০০,০০	৩৮৩,৪৫,০০	১২৩০,৭০,০০	৯৪৭,৬১,৮৬	৬১২,২৩,১৪	৩১৭৪,০০,০০
মোট উন্নয়ন	৩৪৩১,৩৬,০০	৩৮৬,৭১,৪৩	১৪৬০,৫৬,৭১	৯৫৯,৪২,৭৭	৬২৪,৬৫,০৯	৩৪৩১,৩৬,০০

সার্বিকভাবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে উন্নয়ন অংশে বরাদ্দের পরিমাণ ৩৪৩১ কোটি ৩৬ লক্ষ টাকা। যা ১ম ত্রৈমাসিকে ৩৮৬ কোটি ৭১ লক্ষ ৪৩ হাজার, ২য় ত্রৈমাসিকে ১৪৬০ কোটি ৫৬ লক্ষ ৭১ হাজার, ৩য় ত্রৈমাসিকে ৯৫৯ কোটি ৪২ লক্ষ ৭৭ হাজার এবং ৪র্থ ত্রৈমাসিকে ৬২৪ কোটি ৬৫ লক্ষ ৯ হাজার টাকা ব্যয়ের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

১.৩ কর-বহির্ভূত রাজস্ব এর বাজেট বাস্তবায়ন পরিকল্পনা:

১.৩.১ এ বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির বাজেট বাস্তবায়ন পরিকল্পনা:

(অংকসমূহ হাজার টাকায়)

মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থার নাম ও অর্থনৈতিক কোড	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
সচিবালয়						
তথ্যে অভিগমন ফি (১৪১১৩০৮)	৫০	১৩	১৩	১২	১২	৫০
পরীক্ষা ফি (১৪২২৩২৬)	১৫৪৩	৩৮৫	৩৮৬	৩৮৬	৩৮৬	১৫৪৩
দরপত্র দলিল ফি (১৪১১৩২৮)	০	০	০	০	০	০
সরকারি যানবাহন ব্যবহার ফি (১৪২৩২০৪)	১০৫	৬০	২০	১৫	১০	১০৫
ব্যবহৃত কাগজ ও স্টেশনারি বিক্রয় (১৪২৩২২৬)	১০	২	২	৩	৩	১০
অন্যান্য আদায় (১৪৪১২৯৯)	২৫	৮	৫	৬	৬	২৫
উপমোট সচিবালয়	১৭৩৩	৪৬৮	৪২৬	৪২২	৪১৭	১৭৩৩
বাংলাদেশ ব্যাংক						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	৮৫০০,০০,০০	১৪৬১৯,৫৯,১০	০	০	০	১৪৬১৯,৫৯,১০
বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন						
অন্যান্য আদায় (১৪৪১২৯৯)	২৬,০০,০০	০	০	০	০	০
মাইক্রোফ্রেডিট রেগুলেটরি অথরিটি						
সরকারি যানবাহন ব্যবহার ফি (১৪২৩২০৪)	২,২০	৫৫	৫৫	৫৫	৫৫	২,২০
বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক পিএলসি						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	২,১৯,৩৫	০	০	০	০	০
গ্রামীণ ব্যাংক						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	৮,৭০,০০	০	৮,৭০,০০	০	০	৮,৭০,০০
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	২৩,৪২,০০	০	০	২৩,৪২,০০	০	২৩,৪২,০০
সোনালী ব্যাংক পিএলসি (সোনালী বাংলাদেশ ইউকে)						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	০	৩৩,১৮,০৯	০	০	০	৩৩,১৮,০৯

(অংকসমূহ হাজার টাকায়)

মহানালয়/ দপ্তর/ সংস্থার নাম ও অর্থনৈতিক কোড	বরাদ্দকৃত মূল বাজেট	১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টে. ২৫)	২য় ত্রৈমাসিক (অক্টো.-ডিসে. ২৫)	৩য় ত্রৈমাসিক (জানু.-মার্চ ২৬)	৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২৬)	২০২৫-২৬ অর্থবছর
জীবন বীমা কর্পোরেশন						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	৫,৫০,০০	০	৫,৫০,০০	০	০	৫,৫০,০০
সাধারণ বীমা কর্পোরেশন						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	৫০,০০,০০	০	৫০,০০,০০	০	০	৫০,০০,০০
উত্তরা ব্যাংক পিএলসি						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	১২	৫.৪	০	০	৬.৬	১২
সাবিনকো						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	৭,৫০,০০	০	৭,৫০,০০	০	০	৭,৫০,০০
ইউবিকো						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	১,০০,০০	১,২০,০০	০	০	০	১,২০,০০
ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি						
আর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (১৪১২২০১)	৬০,০০	৬০,০০	০	০	০	৬০,০০
উপমোট	৮৬২৪,৯৩,৬৭	১৪৬৫৪,৫৭,৭৯	৭১,৭০,৫৫	২৩,৪২,৫৫	৬২	১৪৭৪৯,৭১,৫১
সর্বমোট রাজস্ব প্রাপ্তি লক্ষ্যমাত্রা	৮৬২৫,১১,০০	১৪৬৫৪,৬২,৪৭	৭১,৭৪,৮১	২৩,৪৬,৭৭	৪,৭৯	১৪৭৪৯,৮৮,৮৪

উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা হিসেবে ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে ধার্যকৃত অর্থ ৮৬২৫ কোটি ১১ লক্ষ টাকা। যার মধ্যে ১ম ত্রৈমাসিকে ১৪৬৫৪ কোটি ৬২ লক্ষ ৪৭ হাজার টাকা, ২য় ত্রৈমাসিকে ৭১ কোটি ৭৪ লক্ষ ৮১ হাজার টাকা, ৩য় ত্রৈমাসিকে ২৩ কোটি ৪৬ লক্ষ ৭৭ হাজার টাকা এবং ৪র্থ ত্রৈমাসিকে ৪ লক্ষ ৭৯ হাজার টাকা বাস্তবায়ন পরিকল্পনা করা হয়েছে।

- ❖ সভাকে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি জানান যে, তাদের চলতি ২০২৫-২৬ অর্থবছরে লক্ষ্যমাত্রা ৮৫০০ কোটি টাকা থাকলেও লভ্যাংশ হিসেবে ১৪৬১৯ কোটি ৫৯ লক্ষ ১০ হাজার টাকা যা ইতোমধ্যে সরকারি কোষাগারে জমাদান করা হয়েছে। এ প্রেক্ষিতে সভাপতি বাংলাদেশ ব্যাংককে ধন্যবাদ জ্ঞাপন করেন।
- ❖ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী চলতি অর্থবছরে তাদের প্রাক্কলিত ২৬ কোটি টাকা জমাদান করা সম্ভব হবেনা বিধায় কোনো লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়নি।
- ❖ এছাড়া বাংলাদেশ ডেভলপমেন্ট ব্যাংক পিএলসি এবং ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি এর প্রতিনিধিগণ জানান যে, চলতি অর্থবছরে তাদের লভ্যাংশ জমাদানের লক্ষ্যমাত্রা থাকলেও তাদের প্রতিষ্ঠানের প্রতিশ্রুতি ঘাটতি থাকায় লভ্যাংশ প্রদান সম্ভব হবেনা।
- ❖ অন্যদিকে সোনালী ব্যাংক পিএলসি এর অনুকূলে কোনো লক্ষ্যমাত্রা না থাকলেও তাদের আওতাধীন প্রতিষ্ঠান সোনালী বাংলাদেশ, ইউকে লিমিটেড এর পক্ষ হতে লভ্যাংশ বাবদ ৩৩ কোটি ১৮ লক্ষ ৯ হাজার টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। উক্ত জমাকৃত অর্থ তাদের প্রতিষ্ঠানের লক্ষ্যমাত্রা হিসেবে নির্ধারণ করা হয়েছে।

এ পর্যায়ে সভাপতি এ বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব জমা প্রদানে সচেষ্ট হওয়ার অনুরোধ করেন।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	এ বিভাগ ও এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের চলতি ২০২৫-২৬ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনার ত্রৈমাসিকভিত্তিক তথ্যাদি ibas++ সিস্টেমে যথাযথভাবে এন্ট্রি প্রদান করতে হবে।	উপসচিব (বাজেট), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২	চলতি ২০২৫-২৬ অর্থবছরে বাজেট বাস্তবায়নে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ বিভাগের শাখা/ অধিশাখা ও আওতাধীন সকল প্রতিষ্ঠান/ প্রকল্প/সংস্থাকে তার লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের উদ্দেশ্যে পরিকল্পনা গ্রহণ করতে হবে।	আওতাধীন দপ্তর/ সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দ এবং উপসচিব (এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা)

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩	বার্ষিক উন্নয়ন কর্মসূচির সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দকৃত অর্থের যথাপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে হবে এবং পরিকল্পনার আলোকে বিভিন্ন সংস্থা/প্রকল্পসমূহের প্রকৃত বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপসচিব (বাজেট) ও ফুন্ডসচিব (পরিকল্পনা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন প্রকল্প পরিচালকবৃন্দ
৪	প্রত্যেক দপ্তর/সংস্থা স্ব স্ব বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা করে বাজেট বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ করবে এবং ক্ষেত্র বিশেষে অডিট সম্পন্ন করে সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করতে হবে।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দ
৫	সকল প্রতিষ্ঠান/সংস্থাকে রাজস্ব প্রাপ্তি (এনবিআর রাজস্ব, এনবিআর বহির্ভূত রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব) এর পরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট অর্থবছরের আয় ৩০ জুন তারিখের মধ্যেই জমা দিতে হবে।	এ বিভাগের আওতাধীন রাজস্ব প্রাপ্তি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০.০৯.২০২৫
নাজমা মোবারেক
সচিব
ও

সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি

নম্বর: ৫৩.০০.০০০০.০০০.১১২.০৬.০০০১.১৪.৬৭

তারিখ:

১৫ আশ্বিন ১৪৩২
৩০ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- প্রকল্প ও এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ);
২. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- প্রকল্প ও এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ);
৩. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
৪. অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৫. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোফ্রেডিট রেগুলেটরি অথরিটি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ);
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ);
৭. পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তা);
৮. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- বাজেট সংশ্লিষ্ট কর্মকর্তা);
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজিং বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা);
১০. ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা);
১১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা);
১২. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, জনতা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৪. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৫. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৬. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৭. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৮. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
১৯. ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২০. ম্যানেজিং ডাইরেক্টর, জীবন বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২১. ব্যবস্থাপনা পরিচালক, উত্তরা ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);

২২. ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৩. ব্যবস্থাপনা পরিচালক, আইএফআইসি ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৪. ব্যবস্থাপনা পরিচালক, এবি ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৫. ব্যবস্থাপনা পরিচালক, সাবিনকো, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৬. ব্যবস্থাপনা পরিচালক, ইউবিকো, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৭. ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৮. ব্যবস্থাপনা পরিচালক, গ্রামীন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (দৃঃ আঃ- এনটিআর সংশ্লিষ্ট কর্মকর্তা);
২৯. যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৩০. উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
৩১. উপসচিব, বাজেট-১ শাখা, অর্থ বিভাগ;
৩২. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩৩. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
৩৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ; এবং
৩৫. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।


৩০.০৭.২০২৫
মোঃ মামুনুর রশীদ
উপসচিব